

# Bilateral meeting of External Affairs Minister with Winston Peters, Deputy Prime Minister and Foreign Minister of New Zealand

February 26, 2020

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রীর সাথে নিউজিল্যান্ডের উপপ্রধান মন্ত্রী এবং বিদেশ মন্ত্রী উইনস্টন পিটারের দ্বিপাক্ষিক বৈঠক

ফেব্রুয়ারি 26, 2020

নিউজিল্যান্ডের উপপ্রধান মন্ত্রী ও বিদেশ মন্ত্রী মহামান্য এইচ.ই. মিস্টার উইনস্টন পিটার, বাণিজ্য মন্ত্রী মিস্টার ডেভিড পার্কার এবং বাণিজ্য প্রতিনিধিবর্গের সাথে 25 ফেব্রুয়ারি থেকে 28 ফেব্রুয়ারি 2020 ভারত সফরে এসেছেন।

উপপ্রধান ও বিদেশ মন্ত্রী ভারতের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী (ই এ এম) ডক্টর এস জয়শংকরের সাথে 26 ফেব্রুয়ারি 2020 দেখা করেছেন এবং দ্বিপাক্ষিক সম্পর্কের পর্যালোচনা এবং রাজনৈতিক, অর্থনৈতিক, সামরিক, সুরক্ষা, এবং নাগরিকদের সাথে নাগরিকদের সম্পর্ক অধিকতর মজবুত করার পদক্ষেপ নিয়ে আলোচনা করেছেন।

এই বৈঠকের পর হায়দ্রাবাদ হাউসে একটি কার্যকরী নৈশভোজের আয়োজন করা হয়েছিল যেখানে যোগ দিয়েছিলেন বাণিজ্যমন্ত্রী পিটার যিনি শ্রদ্ধেয় বাণিজ্য এবং শিল্পমন্ত্রী শ্রী পীযুষ গোয়ালের সাথে 26 ফেব্রুয়ারি 2020 দেখা করেছিলেন। মন্ত্রী পার্কার শ্রদ্ধেয় অর্থমন্ত্রী শ্রীমতি নির্মলা সীতারমনের সাথেও 26 ফেব্রুয়ারি 2020 দেখা করেছিলেন।

উপপ্রধানমন্ত্রী পিটার শ্রদ্ধেয় পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রী শ্রী প্রকাশ জাভেদকারের সাথে 27 ফেব্রুয়ারি 2020 দেখা করবেন। নিউজিল্যান্ড প্রতিনিধিবর্গ যারা মুম্বাই সফর করবেন তারা ভারতীয় শিল্পপতিদের সাথেও পারস্পারিক মত বিনিময় করবেন।

তার ভারত সফরের আগে নিউজিল্যান্ডের উপপ্রধানমন্ত্রী ‘ইন্ডিয়া 2025- ইনভেস্টিং ইন দি রিলেশনশিপ’ নামে একটি নতুন দলিল প্রকাশ করেছিলেন যা এনজেড আইএনসি এর ইন্ডিয়া স্ট্র্যাটেজি 2011 এর ধারাবাহিকতা। পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী (EAM) ব্যক্ত করেছেন যে এই দলিলে দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে সহমতের ভিত্তিতে তৈরি হওয়া লক্ষ্য আরো শক্তিশালী করার ইচ্ছেই প্রদর্শিত হয়েছে। ইন্দো-প্যাসিফিক ওসেনস ইনিশিয়েটিভ (IPOI) এর প্রতি নিউজিল্যান্ডের সমর্থন এবং সৌরশক্তি সম্পর্কিত সহযোগিতা উচ্চতর পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্সকে সমর্থন এবং জলবায়ু বিষয়ক কাজের জন্য সমর্থনের কারণে ভারত নিউজিল্যান্ডকে ধন্যবাদ জানিয়েছে।

উভয় পক্ষই ইন্দো-প্যাসিফিক অঞ্চল নিয়ে নিজ নিজ পথ সম্পর্কে মত বিনিময় করেছে এবং পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলন নিয়ে এবং প্রাসঙ্গিক ফোরামগুলি নিয়ে একসাথে কাজ করার ব্যাপারে সহমত হয়েছে। তারা অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখতে সার্বভৌমত্ব, রাষ্ট্রীয় অখন্ডতা, ইউএনসিএলওএস(UNCLOS) সহ আন্তর্জাতিক আইনের প্রতি শ্রদ্ধার গুরুত্বের উপর জোর দিয়েছে। এতেও তারা সহমত হয়েছে যে স্থিতিশীল বাণিজ্য পরিবেশ অতীব প্রয়োজনীয় এবং ডার্লিউটিও (WTO) তে গঠনমূলকভাবে যুক্ত হওয়ার ব্যাপারে সহমত হয়েছে। ইউ এন (UN) সিকিউরিটি কাউন্সিলে ভারতের স্থায়ী সদস্যপদ পাওয়ার ব্যাপারে নিউজিল্যান্ড তার সমর্থন জ্ঞাপন করেছে।

বেড়ে চলা ভারতীয় অভিবাসী এবং নিউজিল্যান্ডের ছাত্ররা দুই রাষ্ট্রের মধ্যে শক্তিশালী যোগাসূত্র, যা দুই দেশের নিকট অংশীদারিত্বের ক্ষেত্রে ইতিবাচক অবদান রেখে চলেছে।

নিউ দিল্লী  
ফেব্রুয়ারি 26,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.